



পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।

ফোন-০৩০৩৫৫৬৩৯১-৯২, মোবাইল-০১৮৭৬০২৯০৪৬


ই-মেইল- patiyagovtcollege@gmail.com; ওয়েবসাইট- www.patiyagovtcollege.gov.bd

তারিখ : ১৩/০২/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

পটিয়া সরকারি কলেজের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক (একাদশ) শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্ধারিত ফরম কলেজ অফিস হতে সংগ্রহ করে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্রসহ আগামী ০২/০৩/২০২৫ তারিখের মধ্যে কলেজ খোলাকালীন সময়ে অফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল। সঠিকভাবে পূরণকৃত আবেদন (যথাস্থানে আঠা দিয়ে ছবি সংযুক্ত করতে হবে) ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:-

- ১। বর্তমান শ্রেণির পরিচয়পত্র/ভর্তি রশিদের ফটোকপি।
 - ২। শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা)।
 - ৩। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
 - ৪। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
 - ৫। এসএসসি/সমমান পরীক্ষার রেজিঃ কার্ড ও ফলাফল এর ফটোকপি।
 - ৬। শিক্ষার্থীর অভিভাবক হিসাবে নির্ধারিত ব্যক্তির (পিতা/মাতা/অন্য যে কোন বৈধ অভিভাবক) এনআইডি দিয়ে খোলা বৈধ/সচল নগদ একাউন্ট ব্যবহার করতে হবে। শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা-মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসেবে নির্বাচন করা যাবে। যাকে অভিভাবক হিসাবে নির্ধারণ করা হবে তার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। অর্থাৎ অভিভাবক ও হিসাবধারী একই ব্যক্তি হতে হবে। এক্ষেত্রে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপিতে “নগদ” হিসাবের মোবাইল নম্বর লিখে জমা দিতে হবে।
 - ৭। সরকারি অন্য কোন উৎস হতে শিক্ষা বোর্ড বৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বিবেচিত হবে।
- বিঃ দ্রঃ- উপবৃত্তির নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ এবং সিলেকশন ট্রাইটেরিয়ায় অবশ্যই টিক দিতে হবে এবং প্রয়োজনীয় প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।


অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।
অধ্যক্ষ
পটিয়া সরকারী কলেজ
পটিয়া, চট্টগ্রাম।